# ইউনিট ৫: শিক্ষা পরিকল্পনায় শিক্ষা প্রকল্পসমূহ

## ভূমিকা

উন্নয়নের জন্য মানসম্মত শিক্ষার কোন বিকল্প নেই। শিক্ষার উন্নয়ন, বিস্তরণ, উদ্ভাবন ও শিক্ষার মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরি–সবকিছুর জন্য প্রয়োজন চাহিদার ভিত্তিতে একটি গঠনমূলক ও বাস্তবায়নযোগ্য শিক্ষামূলক পরিকল্পনা তৈরি। পরিকল্পনাকে মাঠ পর্যায়ে পৌঁছে দিতে এবং পরিকল্পনা মাফিক ফল ঘরে তুলতে দরকার প্রকল্প গ্রহণ।

এই ইউনিটে শিক্ষা প্রকল্পের গুরুত্ব ও ভূমিকা, প্রকল্প চক্র, প্রকল্প গঠন প্রক্রিয়া ও তার পর্যায়সমূহ চিহ্নিতকরণ, শিক্ষা প্রকল্প বর্ধিতকরণ, প্রকল্প সংলাপ/আলোচনা, প্রকল্প বাস্তবায়ন এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে।

এই ইউনিটটিকে আলোচনার সুবিধার্থে নিচের ৩টি পাঠে বিভক্ত করে আলোচনা করা হয়েছে। এই পাঠগুলো হলো–


পাঠ ৫.১: শিক্ষা প্রকল্পসমূহের ভূমিকা ও গুরুত্ব
পাঠ ৫.২: প্রকল্প চক্র
পাঠ ৫.৩: প্রকল্প সংগঠন প্রক্রিয়া

# পাঠ ৫.১: শিক্ষা প্রকল্পসমূহের ভূমিকা ও গুরুত্ব

## উদ্দেশ্য

এই পাঠ অধ্যয়ন শেষে আপনি–

- প্রকল্প কী তা বলতে পারবেন;
- শিক্ষা প্রকল্প ব্যাখ্যা করতে পারবেন;
- শিক্ষা প্রকল্পের ভূমিকা বিশ্লেষণ করতে পারবেন;
- শিক্ষা প্রকল্পের গুরুত্ব বর্ণনা করতে পারবেন।

## প্রকল্প ও শিক্ষা প্রকল্প কী?

প্রকল্প হলো কোন সুনির্দিষ্ট কাজের জন্য নকশা। Project is a planned set of interrelated tasks to be executed over a fixed period and within certain cost and other limitation.

ল্যাটিন শব্দ Projectum থেকে ইংরেজি Project কথাটি এসেছে। Pro অর্থ- before ও jectum অর্থ- to do। তাই Project এর অর্থ হলো before an action. অর্থাৎ কোন কাজ শুরু করার আগেই ঐ কাজ নিয়ে কাজ শুরু করা।

উইকিপিডিয়ার (Wikipedea) মতে, 'Project can be further defined as temporary rather than permanent social systems that are constituted by teams within or across organizations to accomplish tasks under time constraints.'

কাজেই প্রকল্প হলো কোন এক অনন্য প্রচেষ্টা যার মাধ্যমে নির্দিষ্ট সময়, অর্থ ও গুণগত মান বজায় রেখে কোন পণ্য/দ্রব্য/কাজ উৎপাদন/তৈরি করা।

The educational project is the from work in which institutions pursue their mission, which in keeping with principle of equality of opportunity, is to : impart knowledge to students and forter their social development.

## শিক্ষা উন্নয়ন প্রকল্পের ভূমিকা

শিক্ষার বিস্তার ও মানোন্নয়নে শিক্ষা উন্নয়ন প্রকল্পের গুরুত্ব অপরিসীম। বাংলাদেশে ২০১৭ সালের শিক্ষার যে পরিসংখ্যান রয়েছে তার পিছনে রয়েছে শিক্ষা প্রকল্পের ভূমিকা।

FSSAP (Female Secondary School Assistance Project) এর বিভিন্ন পর্যায়ের বাংলাদেশে নারী শিক্ষার ব্যাপক অগ্রগতি হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে বিদ্যালয়ে পড়াশোনার জন্য উপবৃত্তি দেয়া হয়েছে নারী শিক্ষার্থীদের, যার ফল বর্তমানে (২০১৭) বিদ্যালয়ে নারী শিক্ষার্থীর ব্যাপক উপস্থিতি।

সমাপ্ত PROMOTE (Program to Motivate, Trained Employ Rural Secondary Female Teachers) প্রকল্পের মাধ্যমে গ্রামীণ নারীদের বিদ্যালয়ে চাকুরি ও সরকারি টিচার্স ট্রেনিং কলেজসমূহে ব্যাচেলর অব এডুকেশন (বিএড) প্রশিক্ষণ দেয়া হয়েছে। এছাড়াও TQI-SEP, TQI-II SEP (Teaching Quality Improvement (Phase-II) in Secondary Education Project) এর মাধ্যমে শিক্ষক, শিক্ষক প্রশিক্ষক, শিক্ষা-প্রশাসনের কর্মকর্তাদের দেশে ও বিদেশে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বিদ্যালয় ও মাদ্রাসার শিক্ষকদের বিষয়ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ যেমন- বাংলা, বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ইংরেজি, বিজ্ঞান, আইসিটি ইত্যাদি দেয়া হচেছ। যেগুলি শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষকদের পেশাগত উৎকর্ষতা অর্জনে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

SEQEAP (Secondary Education Quality Enhancement Assistance Project) প্রকল্পের মাধ্যমিকে প্রকল্পভূক্তি বিদ্যালয়ে ইংরেজি, বিজ্ঞান ও গণিতের ACT(Additional Class Teacher) দেয়া হয়েছে। নিয়োগপ্রাপ্ত ACT-দের ৬দিন ব্যাপী বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দেয়া হয়েছে।

## শিক্ষা প্রকল্পসমূহের গুরুত্ব

জাতিসংঘের তত্ত্বাবধানে MDGs (Millennium Development Goals) শেষ হয়েছে ২০১৫ সালে, যেখানে বাংলাদেশের অর্জন প্রশংসনীয়। পরবর্তিতে ঘোষিত SDGs (Sustainable Development Goals) যা ২০৩০ সাল পর্যন্ত চলবে, যেখানে ১৭টি লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ১৬৯টি টার্গেট ঠিক করে। বাংলাদেশের শিক্ষা ও শিক্ষা প্রকল্পের অন্যতম ভূমিকা হচ্ছে লক্ষ্য-৪ অর্জন। SDG G-4 এর মূলকথা হলো– 'Ensure Inclusive and Equitable Quality Education and Promote Life-long Learning Opportunities for All.'

শিক্ষা এখন শুধু জ্ঞানভিত্তিক নয় এর মূলকথা হলো দক্ষতা অর্জন এবং এর পরিধি জীবনব্যাপী (Life-long)। শিক্ষা প্রকল্পগুলি তাদের components চিহ্নিত করে দেশের আর্থ-সামাজিক অবস্থাকে বিবেচনা করে। তাই একীভূত শিক্ষা, সমতা ও সাম্যতাভিত্তিক শিক্ষা বর্তমান সময়ে গুরুত্বপূর্ণ। চলমান প্রকল্প ও ভবিষ্যত প্রকল্পে শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখছে এবং রাখবে।

উচ্চ শিক্ষার জন্য সরকারের বিশেষায়িত প্রকল্প হলো HEQEAP (Higher Education Quality Enhancement Assistance Project)। ইউজিসি (UGC- University Grants Commission) এর তত্ত্বাবধানে উচ্চ শিক্ষা ব্যবস্থাপনা, পরিবীক্ষণ, মূল্যায়ন এবং শিখন-শেখানোর মান বৃদ্ধি এই প্রকল্পের অন্যতম উদ্দেশ্য।

## পাঠোত্তর মূল্যায়ন- ৫.১

### অ) বহু নির্বাচনি প্রশ্ন (সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন।)

১. Project শব্দটি কোন ল্যাটিন শব্দ থেকে এসেছে?
ক. Practicum খ. Projectum গ. Projectume ঘ. Projecteme

২. প্রকল্পের ক্ষেত্রে প্রধান বিবেচ্য বিষয় কি কি?
ক. নির্ধারিত সময় খ. নির্ধারিত ব্যয় গ. নির্দিষ্ট কাজ ঘ. উপরের সবগুলো

৩. SDGs -এর পূর্ণরূপ কোনটি?
ক. Social Development Goals খ. System Development Goals
গ. Sustainable Development Goals ঘ. Society Development Goals

**উত্তরমালাঃ** ১. খ, ২. ঘ, ৩. গ ।

### আ) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

১. প্রকল্প কাজে বলে?
২. শিক্ষা প্রকল্পের কাজ কী?
৩. শিক্ষাক্ষেত্রে চলমান ২টি প্রকল্পের নাম লিখুন।

### ই) রচনামূলক প্রশ্ন

১. বাংলাদেশে শিক্ষার মানোন্নয়নে শিক্ষা প্রকল্পসমূহের ভূমিকা ব্যাখ্যা করুন।
২. উচ্চ শিক্ষার কল্যাণে হেকেপ HEQEP প্রকল্পের উদ্দেশ্য, কার্যাবলি ও ভূমিকা বিশ্লেষণ করুন।

# পাঠ ৫.২: প্রকল্প চক্র

## উদ্দেশ্য

এই পাঠ অধ্যয়ন শেষে আপনি–

- প্রকল্প চক্র ব্যাখ্যা করতে পারবেন;
- প্রকল্প চক্রের পর্যায়গুলি চিহ্নিত করতে পারবেন;
- প্রকল্প চক্রের প্রতিটি পর্যায়ের কার্যাবলি ও গুরুত্ব বিশ্লেষণ করতে পারবেন।


## প্রকল্প চক্র কী?

প্রকল্প চক্র হলো একটি উপায় বা প্রণালি যা প্রকল্প পরিকল্পনা এবং একটি স্বীকৃত কৌশল মেনে যাত্রা শুরু করে, যা কোন একটি সুনির্দিষ্ট কাজের ধারণা দেয়, কতগুলো নির্ধারিত উদ্দেশ্য দ্বারা চালিত ও সংগঠিত হয়। বাস্তবায়িত হয়ে পরবর্তী পদক্ষেপের জন্য মূল্যায়ন দ্বারা এর কৌশলগত মানোন্নয়ন করা হয়।

প্রকল্প চক্র সংশ্লিষ্টদের এমন একটি কাঠামো সরবরাহ করে যা প্রয়োজনীয় তথ্য প্রাপ্তির ব্যবস্থা করে যার দ্বারা সহজে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে এবং প্রকল্প চক্রের যে কোন প্রয়োজন মত কৌশলগত পরিবর্তন আনতে পারে।

## প্রকল্প চক্রের পর্যায়সমূহ

প্রকল্প চক্রের পর্যায়/ধাপসমূহ (Project phases) নিয়ে মতভেদ থাকলেও নিচে উল্লেখিত পর্যায়সমূহ নিয়ে আপত্তি কম রয়েছে। নিচে প্রকল্প চক্রের ধাপসমূহ দেখানো হলো–




চিত্র: প্রকল্প চক্র

**১। চিহ্নিতকরণ** (Identification): প্রকল্প চিহ্নিতকরণ পর্যায় UNEP উদ্দেশ্যসমূহ ও আদেশ মেনে শুরু হয়। এতে প্রকল্প বাস্তবায়নের পরিবেশগত সমস্যা, তার প্রয়োজনীয়তা সমাধান, উপকারভোগীদের প্রয়োজন ও আগ্রহ বিবেচনা করা হয়। সমস্যার বাস্তবানুগ সমাধান এবং কার্যকর মধ্যস্থতার বিশ্লেষণ, প্রকল্পের ধারণাসমূহ এবং অন্যান্য কার্যকর ব্যবস্থাদি চিহ্নিত করা হয়। এর প্রধান কাজগুলো হচ্ছে–

**(ক) অবস্থা বিশ্লেষণ** (situation analysis): পরিবেশগত অবস্থা মূল্যায়ন ও বিশ্লেষণ প্রয়োজন। উদ্দেশ্য বিশ্লেষণে বর্তমান অবস্থা ও করণীয় বিষয়ের মধ্যে যোগসূত্র বিশ্লেষণের উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অবস্থা বিশ্লেষণে চাহিদা, আগ্রহ, সবল দিক ও দুর্বল দিক যেগুলো মূখ্য সংশ্লিষ্টদের উপকারে আসে তাও অন্তর্ভুক্ত করা হয়।

**(খ) চিহ্নিতকরণ অভীক্ষা** (Identification test): প্রকল্পকে অনেক সময় কিছু Identification test অতিক্রম করে যেতে হয়।

**(গ) সহায়তার জন্য ধারণা প্রস্তাবনা তৈরি** (Preparation of concept proposal for sponsorship): প্রকল্প তৈরির শুরুতে ৪/৫ পৃষ্ঠার একটি প্রস্তাবনাপত্র তৈরি কতে হয় যাতে প্রকল্পের প্রাথমিক ধারণা, উদ্দেশ্য, ফলাফল, কৌশলসমূহ ও কার্যাবলির বিবরণ থাকবে।

**২। প্রকল্প প্রস্তাবনা ও সংগঠন** (Project preparation and formulation): এজন্য যে কাজ করতে হয় তা হলো−

(ক) সম্ভাব্যতা যাচাই (feasibility study)
(খ) প্রকল্প দলিলাদি তৈরি (Project document formulation)
(গ) বেজলাইন ও টার্গেট ডাটা প্রতিষ্ঠাকরণ
(ঘ) প্রকল্প বাস্তবায়ন পরিকল্পনা (Project implementation planning)

**৩। প্রকল্প পর্যালোচনা ও অনুমোদন** (Project review and approval): প্রকল্প পর্যালোচনা ও অনুমোদনের জন্য UNEP এর নির্দেশনা অনুসরণ করতে হয়। এখানে তিনটি উদ্দেশ্য ও কয়েকটি মানদণ্ড বিবেচনায় নিয়ে প্রকল্প অনুমোদন দেয়া হয়। প্রকল্প অনুমোদনের প্রক্রিয়া ও প্রশাসনিক কাঠামোর মধ্যে রয়েছে−

(ক) UNEP-এর প্রস্তাবনার উন্নয়ন
(খ) একই ক্ষেত্রের অন্যদের সাথে মত বিনিময়, কারিগরি জ্ঞান বিনিময় এবং তাদের সহায়তা গ্রহণ
(গ) প্রকল্প বাস্তবায়নে আন্তঃবিভাগীয় সংলাপ ও সহযোগিতা বৃদ্ধিকরণ।

**৪। প্রকল্প বাস্তবায়ন** (Project implementation): প্রকল্প বাস্তবায়নের গুরুত্বপূর্ণ ২টি উপাদান হলো−

(ক) পরিবীক্ষণ (Monitoring) ও (খ) ঝুঁকি পরিমাপ ও ব্যবস্থাপনা (Risk assessment and management)

ঝুঁকি পরিমাপে পরিবেশ অর্থনৈতিক উপাদান অন্যপক্ষীয় বিষয়গুলো বিবেচনায় নিতে হয়।

**৫। প্রকল্প মূল্যায়ন** (Project evaluation): প্রকল্প চক্রের শেষ পর্যায়ে রয়েছে প্রকল্প মূল্যায়ন যা একটি সময়ভিত্তিক অনুশীলন। প্রকলেপর প্রাসঙ্গিকতার পারদর্শিতা ও সাফল্য বিচার করা হয়। এর তিনটি পর্যায় রয়েছে−

(ক) Mid-course evaluation for amendments and improvement
(খ) End of the project evaluation
(গ) Generation of lessons learned

## পাঠোত্তর মূল্যায়ন- ৫.২

**অ) বহু নির্বাচনি প্রশ্ন (সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন।)**

১. প্রকল্প চক্রে পর্যায় কতটি?
ক. ৩টি খ. ৪টি গ. ৫টি ঘ. ৬টি

২. প্রকল্প চক্রের প্রথম ধাপ/পর্যায় কোনটি?
ক. প্রস্তুতি ও সংগঠন খ. চিহ্নিতকরণ গ. প্রয়োগ ও বাস্তবায়ন ঘ. পর্যালোচনা ও অনুমোদন

৩. প্রকল্প প্রস্তাবনা ও সংগঠনে কোনটি করতে হয়?
ক. সম্ভাব্যতা যাচাই খ. প্রকল্প দলিলাদি তৈরি গ. বেজলাইন ও টার্গেট ডাটা ঘ. উপরের সবগুলোই

**উত্তরমালা:** ১. গ, ২. খ, ৩. ঘ।

**আ) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন**

১. প্রকল্প চক্র বলতে কী বুঝায়?
২. প্রকল্প চক্রের ধাপ কয়টি ও কি কি?
৩. প্রকল্প বাস্তবায়নের প্রধান উপাদানগুলির নাম লিখুন।

**ই) রচনামূলক প্রশ্ন**

১. প্রকল্প প্রস্তাবনা ও সংগঠনের প্রধান কার্যাবলি উল্লেখ করুন ও বিস্তারিত বর্ণনা দিন।
২. ‘শিক্ষা প্রকল্পের যথাযথ মূল্যায়ন হয় না বলেই শিক্ষার মানোন্নয়ন হয় না’− উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ করুন।

# পাঠ ৫.৩: প্রকল্প সংগঠন প্রক্রিয়া

## উদ্দেশ্য

এই পাঠ অধ্যয়ন শেষে আপনি–

- প্রকল্প সংগঠন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবেন;
- প্রকল্প সংগঠন প্রক্রিয়ার পর্যায়গুলির গুরুত্ব বিশ্লেষণ করতে পারবেন;
- শিক্ষা পরিকল্পনা তৈরি করতে সক্ষম হবেন।

## প্রকল্প সংগঠন প্রক্রিয়া

প্রকল্প হলো সময়, ব্যয় ও মানের সমন্বয়ে একটি অনন্য প্রচেষ্টা যার মাধ্যমে কোন বিশেষ উদ্দেশ্য অর্জিত হয়। একটি প্রকল্পের সংগঠন প্রক্রিয়ায় নিচের পর্যায়গুলি থাকে যার মাধ্যমে প্রকল্প তার সাফল্য অর্জন করতে পারে। এগুলো হলো–

(১) চিহ্নিতকরণ (Identification)
(২) শিক্ষা প্রকল্পের সম্প্রসারণকরণ (Elaboration of education projects)
(৩) প্রকল্প আলোচনা (Project negotiation)
(৪) প্রকল্প বাস্তবায়ন (Project Implementation)
(৫) পরিবীক্ষণ ও মূল্যায়ন (Monitoring and evaluation)

১। **চিহ্নিতকরণ** (Identification)ঃ প্রকল্প চিহ্নিতকরণ পর্যায় UNEP উদ্দেশ্যসমূহ ও আদেশ মেনে শুরু হয়। এতে প্রকল্প বাস্তবায়নের পরিবেশগত সমস্যা, তার প্রয়োজনীয়তা সমাধান, উপকারভোগীদের প্রয়োজন ও আগ্রহ বিবেচনা করা হয়। সমস্যার বাস্তবানুগ সমাধান এবং কার্যকর মধ্যস্থতার বিশ্লেষণ, প্রকল্পের ধারণাসমূহ এবং অন্যান্য কার্যকর ব্যবস্থাদি চিহ্নিত করা হয়। এর প্রধান কাজগুলো হচ্ছে–

**(ক) অবস্থা বিশ্লেষণ** (situation analysis)ঃ পরিবেশগত অবস্থা মূল্যায়ন ও বিশ্লেষণ প্রয়োজন। উদ্দেশ্য বিশ্লেষণে বর্তমান অবস্থা ও করণীয় বিষয়ের মধ্যে যোগসূত্র বিশ্লেষণের উপর গুরুত্বারোপ করা হয়। এছাড়াও অবস্থা বিশ্লেষণে চাহিদা, আগ্রহ, সবল দিক ও দুর্বল দিক যেগুলো মূখ্য সংশ্লিষ্টদের উপকারে আসে তাও অন্তর্ভুক্ত করা হয়।

**(খ) চিহ্নিতকরণ অভীক্ষা** (Identification test)ঃ প্রকল্পকে অনেক সময় কিছু Identification test অতিক্রম করে যেতে হয়।

**(গ) সহায়তার জন্য ধারণা প্রস্তাবনা তৈরি** (Preparation of concept proposal for sponsorship)ঃ প্রকল্প তৈরির শুরুতে ৪/৫ পৃষ্ঠার একটি প্রস্তাবনাপত্র তৈরি কতে হয় যাতে প্রকল্পের প্রাথমিক ধারণা, উদ্দেশ্য, ফলাফল, কৌশলসমূহ ও কার্যাবলির বিবরণ থাকবে।

২। **শিক্ষা প্রকল্পের সম্প্রসারণকরণ** (Elaboration of education projects)ঃ একটি শিক্ষা প্রকল্পের সংগঠন পর্যায়ে এর বিস্তারিত বর্ণনা থাকবে। এখানে খুঁটিনাটি সকল বিষয় পর্যালোচনা করে একটি লিখিত বিবরণ তৈরি করতে হবে। বিবরণে যেসব বিষয়াদি থাকবে তাহলো–

- প্রকল্পের সারমর্ম
- ভূমিকা
- চাহদিা/তাৎপর্য বিবৃতিকরণ
- পেশাগত/ প্রতিষ্ঠানগত যোগ্যতা

- প্রকল্প প্রাক্কথন
- লক্ষ্য ও উদ্দেশ্য
- প্রকল্পের বর্ণনা
- প্রকল্পের স্থায়িত্ব
- প্রকল্প মূল্যায়ন
- বিস্তরণ
- বাজেট
- উপসংহার

৩। **প্রকল্প আলোচনা** (Project negotiation)**:** প্রকল্প আলোচনা প্রকল্প প্রণয়ন সহায়তা গ্রহণ ও বাস্তবায়নে কার্যকর ভূমিকা রাখে। প্রকল্প আলোচনায় বিভিন্ন পক্ষ যথা- প্রকল্প প্রস্তাবনার সাথে সাথে সংশ্লিষ্ট পক্ষ, বিভিন্ন আর্থিক সাহায্য প্রদানকারী পক্ষ, চাপ সৃষ্টিকারী পক্ষ (pressure group), সুবিধাভোগী পক্ষ থাকে। এদের সাথে নির্ধারিত বা অনির্ধারিতভাবে আলোচনা করলে অনেক খুঁটিনাটি বিষয়ের সমাধান পাওয়া সম্ভব।

৪। **প্রকল্প বাস্তবায়ন** (Project implementation)**:** প্রকল্প বাস্তবায়ন প্রকল্প সংগঠন প্রক্রিয়া ও প্রকল্প চক্র প্রক্রিয়ায় খুবই গুরুত্বপূর্ণ। প্রকল্পের নির্ধারিত লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী প্রকল্প বাস্তবায়িত হচ্ছে কি-না তা প্রকল্প ব্যবস্থাপক সরাসরি তদারকি করবেন। প্রকল্পের সময়, তার স্থায়িত্ব, প্রত্যাশিত মান ও ফল, প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি এখানে বিবেচনায় নিতে হবে।

প্রকল্পের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ উপাদান হলো ঝুঁকি পরিমাপ ও ব্যবস্থাপনা। ঝুঁকি অনির্ধারিতভাবে যুক্ত হয়। এটা অভ্যন্তরীণ ও বহিঃজ হতে পারে। প্রধান ঝুঁকিসমূহ হচ্ছে–

- অর্থনৈতিক উপাদানের ব্যাপক পরিবর্তন
- প্রকল্প স্থায়িত্বের ভুল পরিমাপ
- সুবিধাভোগীদের অসন্তোষ
- বাস্তবায়নকারীদের মধ্যে একটি আইনি দল থাকবে
- কোন পক্ষ ব্যর্থ হলে সরকার তার কর্তব্য বাস্তবায়ন করবে
- আর্থিক নিয়ন্ত্রণ ও প্রতিবেদন
- নিরাপত্তা
- অব্যবস্থাপনা।

৫। **পরিবীক্ষণ ও মূল্যায়ন** (Monitoring and evaluation)**:** প্রকল্প সংগঠন প্রক্রিয়ার শেষ ধাপ পরিবীক্ষণ ও মূল্যায়ন। প্রকল্পকালীন কর্মকাণ্ড পরিবীক্ষণ করে পরামর্শ দেয়া হয় যেন প্রকল্পের লক্ষ্য যথাযথভাবে অর্জিত হয়। প্রকল্প শেষ হবার পর মূল্যায়ন করা হয়। ফলাফল অর্জিত না হলো/প্রত্যাশিত না হলে পরিমার্জিত প্রকল্প নেয়া হয়।

পরিবীক্ষণ একটি অভ্যন্তরীণ প্রক্রিয়া যে প্রকল্প প্রক্রিয়ার (কর্মসূচি ও অর্থ) তদারকি করে সংশ্লিষ্ট পক্ষ (বিশেষ করে লক্ষদল), প্রতিষ্ঠান ও পাশ্ববর্তী পরিবেশকে বিবেচনা করে। এর মূল কাজ বাস্তবায়নকারী সংস্থাকে নির্ধারিত সময়ে কাজটি মানসম্মতভাবে করতে সহায়তা করা।

মূল্যায়ন প্রকল্পের যে অবস্থায়ই করা হউক না কেন, এর মৌল নীতিমালা হলো–

– নিরপেক্ষতা / ন্যায়পরায়নতা ও স্বাধীন
– বিশ্বাসযোগ্যতা
– ব্যবহারযোগ্যতা / উপযোগিতা
– স্বার্থসংশ্লিষ্ট পক্ষের অংশগ্রহণ

## পাঠোত্তর মূল্যায়ন- ৫.৩

### অ) বহু নির্বাচনি প্রশ্ন

সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন।

১. প্রকল্প সংগঠন প্রক্রিয়ার ধাপ কয়টি?

ক. ৪টি খ. ৫টি

গ. ৬টি ঘ. ৭টি

২. প্রকল্প আলোচনা কাদের সাথে করতে হয়?

ক. প্রস্তাবনা সংশ্লিষ্ট পক্ষ খ. চাপ সৃষ্টিকারী পক্ষ

গ. আর্থিক সহায়তা দানকারী পক্ষ ঘ. উপরের সবগুলি

৩. নিচের কোনটি মূল্যায়নের মৌলনীতিমালা নয়?

ক. নিরপেক্ষতা খ. বিশ্বাসযোগ্যতা

গ. নিয়ন্ত্রণ ঘ. উপযোগিতা

**উত্তরমালাঃ** ১. খ, ২. ঘ, ৩. গ।

### আ) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

১. প্রকল্প সংগঠন কী?

২. প্রকল্প সংগঠন প্রক্রিয়ার পর্যায় কতটি ও কি কি?

৩. প্রকল্প সংগঠনে চিহ্নিতকরণ বলতে কী বুঝায়?

### ই) রচনামূলক প্রশ্ন

১. শিক্ষা প্রকল্পের সম্প্রসারণ বলতে কী বুঝায়? এর বিবরণের বিষয়গুলির বর্ণনা দিন।

২. প্রকল্প বাস্তবায়নের সকল প্রক্রিয়া ব্যাখ্যা করুন।